সমকাল

তারিখ 17 JUL 2016
পৃষ্ঠা 8 কলাম ২

# বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ভিসিদের নিয়ে বৈঠক আজ

■ সমকাল প্রতিবেদক

বেসরকারি ৯১ বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সঙ্গে আজ রোববার সকাল সাড়ে ১০টায় রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে যৌথভাবে বৈঠকে বসছে শিক্ষা মন্ত্রণালয় ও স্বরাষ্ট্র মন্ত্রণালয়। সাম্প্রতিক জঙ্গি হামলার সঙ্গে এসব বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীর জড়িত থাকার প্রসঙ্গ আলোচনায় আসার পর এ বৈঠক অনুষ্ঠিত হচ্ছে। স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামালের সভাপতিত্বে বৈঠকে প্রধান অতিথি থাকবেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

বৈঠকে ইংরেজি মাধ্যমের স্কুলগুলোর শীর্ষ কর্মকর্তাদেরও উপস্থিত থাকতে বলা হয়েছে। এ ছাড়া পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) এ কে এম শহীদুল হক ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর শীর্ষ কর্মকর্তারা উপস্থিত থাকবেন।